মক্কা প্রতিরক্ষা চুক্তির প্রথম বৈঠক বসছে তুরস্কে



ছবি: সংগৃহীত

মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তির আওতায় প্রথম কমিটির বৈঠক আয়োজনের প্রস্তুতি চলছে তুরস্কের ইস্তাম্বুলে। এতে সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা অংশ নেবেন বলে জানিয়েছে তুরস্কের পররাষ্ট্র মন্ত্রণালয়।

বৈঠকে আন্তর্জাতিক নিরাপত্তা পরিস্থিতির পাশাপাশি তিন দেশের পারস্পরিক প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হওয়ার কথা রয়েছে।

ইস্তাম্বুলের এ বৈঠকে তিন দেশের পররাষ্ট্রমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রীদের পাশাপাশি সেনাবাহিনীর চিফ অব স্টাফরাও উপস্থিত থাকতে পারেন বলে আশা করা হচ্ছে।

গত ৭ আগস্ট পবিত্র নগরী মক্কায় সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান যৌথ প্রতিরক্ষা চুক্তিতে সই করে। এর কয়েক সপ্তাহের মধ্যেই চুক্তির আওতায় প্রথম আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হতে যাচ্ছে।

চুক্তির মাধ্যমে তিন দেশের মধ্যে ঘনিষ্ঠ সামরিক ও প্রতিরক্ষা সহযোগিতার একটি কাঠামো গড়ে তোলা হয়েছে। এতে তিন দেশের যেকোনো একটির বিরুদ্ধে সশস্ত্র হামলাকে সদস্য তিন দেশের সবার ওপর হামলা হিসেবে বিবেচনার কথা বলা হয়েছে।

তুরস্কের রাজধানী আঙ্কারা জানিয়েছে, পারস্পরিক সহযোগিতা কার্যকর করতে তিন দেশ একাধিক সমন্বয় ব্যবস্থা গড়ে তুলবে। এর মধ্যে যৌথ সামরিক মহড়া এবং প্রতিরক্ষা শিল্পে পারস্পরিক সহযোগিতার বিষয়টিও রয়েছে।

তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান চুক্তিটির পারস্পরিক প্রতিরক্ষার দিকটি ন্যাটোর ৫ নম্বর অনুচ্ছেদের সঙ্গে তুলনীয় বলে উল্লেখ করেছেন। তবে পাকিস্তানের পক্ষ থেকে বলা হয়েছে, এই চুক্তি সম্পূর্ণ প্রতিরক্ষামূলক এবং কোনো নির্দিষ্ট দেশকে লক্ষ্য করে এটি করা হয়নি।